

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
৩০/৩, উমেশ দত্ত রোড, বকশীবাজার, ঢাকা-১২১১।
www.prison.gov.bd



২০২৩-২০২৪ অর্থবছরে কারা অধিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ কমিটির ১ম সভার কার্যবিবরণী।

সভাপতি	শেখ সুজাউর রহমান অতিরিক্ত কারা মহাপরিদর্শক
সভার তারিখ	১৪ সেপ্টেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ
সভার সময়	বিকাল ০৩:০০ ঘটিকা
স্থান	অতিরিক্ত কারা মহাপরিদর্শক মহোদয়ের অফিস কক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট-‘ক’

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভার আলোচ্যসূচি উপস্থাপনের জন্য সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ কমিটির সদস্য সচিব ডেপুটি জেলার জনাব মোঃ রুস্তম আলীকে অনুরোধ করা হলে সদস্য সচিব নিম্নরূপে আলোচ্য বিষয়সমূহ উপস্থাপন করেন:

১.০ আলোচ্য বিষয়: কারা অধিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ।

১.১ আলোচনা: সদস্য সচিব সভাকে অবহিত করেন যে, কারা অধিদপ্তরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২৩-২০২৪ এর আওতায় সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ এর ১.১ কার্যক্রমের আওতায় কারা অধিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি ত্রৈমাসিকভিত্তিতে কার্যকরভাবে বাস্তবায়ন করার নির্দেশনা রয়েছে। তিনি জানান যে, সম্প্রতি কারা অধিদপ্তরের কারা উপ-মহাপরিদর্শক (অঃদাঃ) জনাব সুরাইয়া আক্তার এর বদলি জনিত কারণে কারা অধিদপ্তরের সহকারী কারা মহাপরিদর্শক (প্রশিক্ষণ ও ক্রীড়া) জনাব মোসাঃ নাহিদা পারভীন কারা উপ-মহাপরিদর্শক (অঃদাঃ) পদে স্থলাভিষিক্ত হন। একই সাথে সহকারী কারা মহাপরিদর্শক (অর্থ) জনাব সুরাইয়া আক্তার এর বদলি জনিত কারণে জনাব আব্দুল কুদ্দুছ সহকারী মহাপরিদর্শক (অর্থ) পদে দায়িত্বভার গ্রহণ করেন। উক্ত পদ দুটিতে রদবদল হওয়ায় সেবা প্রদান প্রতিশ্রুতিতে সংশোধন আনা প্রয়োজন। তিনি আরো জানান যে, কারা অধিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি সর্বশেষ ২৫ জুন ২০২৩ তারিখে হালনাগাদ করা হয়েছে। এছাড়া সেবা প্রদান প্রতিশ্রুতির নাগরিক সেবার ১ নং ক্রমিকে বর্ণিত তথ্য সরবরাহের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নামের স্থলে কারা উপ-মহাপরিদর্শক (অঃদাঃ) হিসাবে জনাব মোসাঃ নাহিদা পারভীনের নাম অন্তর্ভুক্ত করার আবশ্যিকতা রয়েছে এবং সেবা প্রদান প্রতিশ্রুতির নাগরিক সেবার ৫ নং ক্রমিকে বর্ণিত পণ্য ও সেবা ক্রয় এবং অভ্যন্তরীণ সেবার ৩নং ক্রমিকে বর্ণিত বিভাগীয় মামলার আপিল নিষ্পত্তি সংক্রান্ত অংশে সহকারী কারা মহাপরিদর্শক (অর্থ) হিসাবে জনাব আব্দুল কুদ্দুছ এর নাম অন্তর্ভুক্ত করার আবশ্যিকতা রয়েছে।

সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ কমিটির সদস্য সচিব সভাকে অবহিত করেন, সেবা প্রদান প্রতিশ্রুতির অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনার দায়িত্বপ্রাপ্ত অনিক কর্মকর্তা হিসাবে কারা উপ-মহাপরিদর্শক (অঃদাঃ) জনাব সুরাইয়া আক্তারের বদলি জনিত কারণে নতুনভাবে দায়িত্বপ্রাপ্ত কারা উপ-মহাপরিদর্শক (অঃদাঃ) জনাব মোসাঃ নাহিদা পারভীন এর নাম অন্তর্ভুক্ত করার আবশ্যিকতা রয়েছে।

সভাপতি সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণের জন্য অন্য সদস্যদের মতামত আহ্বান করেন। সকল সদস্য সেবা প্রদান প্রতিশ্রুতি যথাসময়ে হালনাগাদকরণসহ তা কার্যকরভাবে বাস্তবায়নের জন্য তাগিদ প্রদান করেন।


১.২ সিদ্ধান্ত:

ক) সেবা প্রদান প্রতিশ্রুতির নাগরিক সেবার ১ নং ক্রমিকে বর্ণিত তথ্য সরবরাহের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নামের স্থলে কারা উপ-মহাপরিদর্শক (অঃদাঃ) হিসাবে জনাব মোসাঃ নাহিদা পারভীনের নাম অন্তর্ভুক্ত করার সিদ্ধান্ত গৃহিত হয়;

খ) সেবা প্রদান প্রতিশ্রুতির নাগরিক সেবার ৫ নং ক্রমিকে বর্ণিত পণ্য ও সেবা ক্রয় এবং অভ্যন্তরীণ সেবার ৩নং ক্রমিকে বর্ণিত বিভাগীয় মামলার আপিল নিষ্পত্তি অংশে সহকারী কারা মহাপরিদর্শক (অর্থ) হিসাবে জনাব আব্দুল কুদ্দুছ এর নাম অন্তর্ভুক্ত করার সিদ্ধান্ত গৃহিত হয়;

গ) সেবা প্রদান প্রতিশ্রুতির অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনার দায়িত্বপ্রাপ্ত অনিচ্ছা কর্মকর্তা হিসাবে কারা উপ-মহাপরিদর্শক (অঃদাঃ) জনাব মোসাঃ নাহিদা পারভীনের নাম অন্তর্ভুক্ত করার সিদ্ধান্ত গৃহিত হয়।

সভায় আর কোনো আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শেষ করেন।



শেখ সুজাউর রহমান
অতিরিক্ত কারা মহাপরিদর্শক ও
সভাপতি

সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ কমিটি
পক্ষে-কারা মহাপরিদর্শক
addl.ig.@prison.gov.bd


৩০ ভাদ্র, ১৪৩০।

তারিখঃ ১৪ সেপ্টেম্বর, ২০২৩।

পত্র নং ৫৮.০৪.০০০০.০২১.০৩.০০৮.২৩-১২০৪

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

- ১। অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ অনুবিভাগ), সুরক্ষা সেবা বিভাগ স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
দু: আ: প্রোগ্রামার, সুরক্ষা সেবা বিভাগ।
- ২। সহকারী কারা মহাপরিদর্শক (প্রশাসন), কারা অধিদপ্তর, ঢাকা।
- ৩। সহকারী কারা মহাপরিদর্শক (অর্থ), কারা অধিদপ্তর, ঢাকা।
- ৪। সহকারী কারা মহাপরিদর্শক (উন্নয়ন), কারা অধিদপ্তর, ঢাকা।
- ৫। ডেপুটি জেলার (প্রশাসন), কারা অধিদপ্তর, ঢাকা। (সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণের অনুরোধসহ)।
- ৬। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারা অধিদপ্তর, ঢাকা। (হালনাগাদকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।
- ৭। ব্যক্তিগত সহকারী, কারা অধিদপ্তর, ঢাকা। কারা মহাপরিদর্শক, অতিরিক্ত কারা মহাপরিদর্শক এবং কারা উপ-মহাপরিদর্শক, সদর দপ্তর (অঃদাঃ) মহোদয়ের সদয় অবগতির জন্য।



মোঃ মাইন উদ্দিন ভূইয়া
সহকারী কারা মহাপরিদর্শক (প্রশাসন) ও
ফোকাল পয়েন্ট কর্মকর্তা
সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ কমিটি
পক্ষে - কারা মহাপরিদর্শক
aig.adm@prison.gov.bd